দৈনিক ইত্তেফাক

APR 24 2002

# গুজরাটে পরীক্ষার্থীদের বিড়ম্বনা

নয়াদিল্লী থেকে এএফপি ॥ দাঙ্গা উপদ্রুত গুজরাট রাজ্যের শিক্ষার্থীরা নাৎসীবাদ সম্পর্কে একটি অনুচ্ছেদ দিয়ে তাদের ইংরেজী জ্ঞান পরীক্ষা করায় দারুণ ধাক্কা খেয়েছে। সম্প্রতি গুজরাটে সম্প্রদায়িক দাঙ্গায় ৮৫০ জন লোক প্রাণ হারায়। 'দ্য এশিয়ান এজ' পত্রিকায় প্রকাশিত খবরে বলা হয়, রাজ্যের স্কুল ফাইনাল পরীক্ষার প্রশ্নটিতে ৪টি বাক্যের একটি অনুচ্ছেদকে একটি একক বাক্যে রূপায়িত করতে বলা হয়। ইংরেজী অনুচ্ছেদটি ছিল এরকম ঃ 'দু'টি সমাধান আছে। তার একটি হল নাৎসী সমাধান। তুমি যদি লোকদের পছন্দ না কর তবে তাদের হত্যা কর, অন্যদের কাছ থেকে বিচ্ছিন্ন করে দাও। তারপর বুক ফুলিয়ে চলে যাও। ঘোষণা করে দাও যে, তোমরাই পৃথিবীর লবণ' (You are the salt of the earth)।'

আরেকটি প্রশ্ন করে বাক্য থেকে 'যদি' শব্দটি বাদ দিয়ে বাক্যটিকে পরিবর্তিত করতে বলা হয়। বাক্যটি ছিল ঃ 'তুমি যদি লোকদের পছন্দ না কর; তাদের হত্যা কর।' পরীক্ষার্থী ও তাদের পিতা-মাতারা প্রশ্নটির অন্তর্নিহিত তাৎপর্যে বিস্ময় প্রকাশ করেছেন। গত ফেব্রুয়ারী থেকে গুজরাটে ভয়াবহ হিন্দু-মুসলিম সংঘর্ষ ঘটে চলেছে। এ ধরনের প্রশ্নে অনেক পরীক্ষার্থীই বিচলিত বোধ করেছে। নাম প্রকাশে অনিচ্ছুক একজন পিতা বলেন, এই নাজুক সময়ে এ ধরনের প্রশ্ন করা একটি 'অমার্জনীয়' বিষয়।

এশিয়ান এজ পত্রিকাকে তিনি বলেন, 'এই প্রশ্ন আমার ছেলের ওপর দারুণ চাপ সৃষ্টি করেছে। প্রতিদিনই আমরা শুনতে পাই কাউকে ছুরি মারা হচ্ছে, কিংবা কারো দোকান লুট করা হচ্ছে।'